

🔳 আন-নাজম | An-Najm | النَّجْم

আয়াতঃ ৫৩:৩৮

💵 আরবি মূল আয়াত:

اَلَّا تَزِرُ وَازِرَةٌ وِّزرَ أُخرى ﴿٣٨﴾

তা এই যে, কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না। — আল-বায়ান (সে খবর এই) যে, কোন বোঝা বহনকারী বইবে না অপরের বোঝা। — তাইসিরুল ওটা এই যে, কোন বহনকারী অপরের বোঝা বহন করবেনা। — মুজিবুর রহমান

That no bearer of burdens will bear the burden of another — Sahih International

৩৮. তা এই যে(১), কোন বোঝা বহনকারী অন্যের বোঝা বহন করবে না,

(১) এ আয়াত থেকে তিনটি বড় মূলনীতি পাওয়া যায়। কেয়ামতের দিন এক ব্যক্তির শাস্তি অপরের ঘাড়ে চাপানো হবে না এবং অপরের শাস্তি নিজে বরণ করার ক্ষমতাও কারও হবে না। [দেখুন, মুয়াসসার] অন্য এক আয়াতে বলা হয়েছে, (وَإِنْ تَدْعُ مُثْقَلَةٌ إِلَىٰ حِمْلِهَا لَا يُحْمَلُ مِنْهُ شَيْءً) [সূরা ফাতির: ১৮] অর্থাৎ কোন শক্তি যদি পাপের বোঝায় ভারাক্রান্ত হয়ে অপরকে অনুরোধ করে যে, আমার কিছু বোঝা তুমি বহন কর, তবে তার বোঝার কিয়দংশও বহন করার সাধ্য কারও হবে না।

তাফসীরে জাকারিয়া

(৩৮) তা এই যে, কোন বহনকারী অপরের বোঝা বহন করবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4822

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন